

🗏 আর-রাহমান | Ar-Rahman | ٱلرَّحْمَٰن

আয়াতঃ ৫৫: ২৪

আরবি মূল আয়াত:

وَ لَهُ الجَوَارِ المُنشئنةُ فِي البَحرِ كَالاَعلَامِ ﴿٢٢﴾

আর সমুদ্রে চলমান পাহাড়সম জাহাজসমূহ তাঁরই। — আল-বায়ান পর্বত সম জাহাজসমূহ তাঁরই, যা দরিয়ার বুকে শান্তভাবে চলাচল করে। — তাইসিরুল

সমুদ্রে বিচরণশীল পর্বত সদৃশ নৌযানসমূহ তাঁরই নিয়ন্ত্রণাধীন। — মুজিবুর রহমান

And to Him belong the ships [with sails] elevated in the sea like mountains. — Sahih International

২৪. আর সাগরে বিচরণশীল পর্বতপ্রমাণ নৌযানসমূহ তাঁরই (নিয়ন্ত্রণাধীন)(১);

(১) جارية শব্দটি جارية এর বহুবচন। [ইরাবুল কুরআন] এর এক অর্থ নৌকা বা জাহাজ। এখানে তাই বুঝানো হয়েছে। منشئات শব্দটি نشأ থেকে উদ্ভূত। এর অর্থ ভেসে উঠা, উচু হওয়া অর্থে, এখানে নৌকার পাল বুঝানো হয়েছে যা পতাকার ন্যায় উচু হয়। [ইবন কাসীর; কুরতুবী]

তাফসীরে জাকারিয়া

(২৪) সমুদ্রে বিচরণশীল পর্বত প্রমাণ সুউচ্চ (জাহাজসমূহ) তাঁরই (নিয়ন্ত্রণাধীন)। [1]

[1] السُفُنُ) এর 'সিফাত' (বিশেষণ)। এর অর্থ বিচরণশীল। مُثْنَاتٌ এর অর্থ সুউচ্চ। আর এ থেকে বুঝানো হয়েছে নৌকার সেই পালকে, যা পালতোলা নৌকার উপর পতাকার মত উঠিয়ে রাখা হয়। কেউ কেউ এর অর্থ করেছেন, নির্মিত। অর্থাৎ, আল্লাহর তৈরীকৃত সমুদ্রে বিচরণশীল।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=4925

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন